

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল  
জীবন বীমা ভবন (৪র্থ তলা), ১০, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।  
[www.cevt.gov.bd](http://www.cevt.gov.bd)

নথি নং-সিইভিটি/অফিস আদেশ/১২/২০১২/২০১৭/১২/

তারিখ: ১৫/১২/২০২১ খ্রিঃ।

অফিস আদেশ

বিষয়: বিজয়ের সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষের শপথ অনুষ্ঠান প্রসঙ্গে।

সূত্র: অভ্যন্তরীণ সম্পদ বিভাগের স্মারক নম্বর-০৮.০০.০০০০.০৩৬.১৬.০০৫.১৯.৬০২, তারিখ: ১৫/১২/২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং বিজয়ের সুবর্ণজয়ন্তী মাহেন্দ্রক্ষণকে উপলক্ষ করে নতুন প্রজন্মসহ দেশবাসীকে জাতির পিতার আদর্শ এবং মহান মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত করার মহতী প্রয়াসে আগামী ১৬ ডিসেম্বর বিকাল ৪.০০ ঘটিকায় বাংলাদেশ জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজা হতে দেশব্যাপী উক্ত শপথ অনুষ্ঠানটি পরিচালনা করবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনা শপথ পরিচালনা করবেন।

০২। এমতাবস্থায়, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল, ঢাকা এর সকল কর্মচারীকে টেলিভিশনের মাধ্যমে সরাসরি সম্প্রচারিত উক্ত শপথ অনুষ্ঠানে সম্পৃক্ত থেকে শপথ গ্রহণের নিমিত্ত বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে এ দপ্তরে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ মাহবুবুর রহমান)  
রেজিস্ট্রার

ফোন: ০২-২২৩৩৮০২৪২

নথি নং-সিইভিটি/অফিস আদেশ/১২/২০১২/২০১৭/১২/৬৫৬(১-৬)

তারিখ: ১৫/১২/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য:

- ১। বিজ্ঞ সদস্য (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
- ২। রেজিস্ট্রার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
- ৩। সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
- ৪। পিএ টু প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল, ঢাকা।  
(প্রেসিডেন্ট মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। স্টাফলিপিকার/অফিস সহকারী/গাড়ী চালক/ডাটা এন্ট্রি অপারেটর/সিপাই/ক্যাশিয়ার (১১-১৬ গ্রেডের সকল কর্মচারী), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
- ৬। অফিস সহায়ক/ডিএমও (১৭-২০ গ্রেডের সকল কর্মচারী), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
- ৭। নোটিশ বোর্ড/ওয়েবসাইট।
- ৮। অফিস কপি।

(মোঃ মাহবুবুর রহমান)  
রেজিস্ট্রার